



ফোন :
অফিস : ৯৫৫৫১৩৩
ফ্যাক্স : ০০৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০।

Phone :
Office : 9555133
Fax : 0088-02-9564763

স্মারক নং- ১৫৬ -পাউবো/সচি/বোর্ড-২/(উসপ্র)

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ
১৪ জুন, ২০১৮ খ্রিষ্টাব্দ

দপ্তরাদেশ

বাংলাদেশ একটি অত্যন্ত বন্যা প্রবণ দেশ। প্রতি বছর অতিবৃষ্টি এবং পাহাড়ী ঢল জনিত কারণে দেশের বিভিন্ন জেলায় বন্যা ও জলাবদ্ধতা দেখা দেয়। অধিকন্তু, সীমান্তের ওপার হতে বিভিন্ন এলাকায়ও পাহাড়ী ঢল নেমে আসে, সেক্ষেত্রে পরিস্থিতি আরও ভয়াবহ হয়ে ওঠে এবং চরম দুর্যোগময় অবস্থার সৃষ্টি হয়। এতে, দেশের বিভিন্ন অঞ্চলে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক নির্মিত বাঁধ, বেড়িবাঁধ, রাস্তা, স্ট্রাকচার এবং অন্যান্য অবকাঠামো ভেঙ্গে জানমাল, ফসল, সেচ খালের ডাইক, স্ট্রাকচারসহ অন্যান্য জন-গুরুত্বপূর্ণ অবকাঠামোও স্থাপনার ক্ষতি হতে পারে। এরূপ দুর্যোগ মোকাবেলা ও দুর্যোগ পরবর্তী সময়ে জরুরী সার্ভিস পূর্ণ প্রতিষ্ঠা অত্যাবশ্যিক হয়ে পড়ে। এহেন পরিস্থিতি মোকাবেলায় পানি উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণ সার্বক্ষণিক সতর্কতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করে পরিস্থিতি মোকাবেলা করে আসছে।

এরই ধারাবাহিকতায়, প্রতি বছর বাংলাদেশে সংঘটিত সম্ভাব্য বন্যা, আগাম ও আকস্মিক বন্যা, ঘূর্ণিঝড়সহ প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক সংশ্লিষ্ট ক্ষেত্রে আগাম প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে যথাসময়ে বোর্ডকে অবহিত করার জন্য জোন, সার্কেল ও বিভাগ ভিত্তিক নিম্নবর্ণিতভাবে স্থায়ী কমিটি গঠন করা হলো:

১। কমিটি নং- ১ : (মাঠ পর্যায়ের সকল জোন এর জন্য)

ক) সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী আহবায়ক
খ) প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী কর্তৃক মনোনীত একজন কর্মকর্তা সদস্য-সচিব

২। কমিটি নং- ২ : (মাঠ পর্যায়ের সকল সার্কেলের জন্য)

ক) সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী আহবায়ক
খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী কর্তৃক মনোনীত একজন কর্মকর্তা সদস্য-সচিব

৩। কমিটি নং- ৩ : (মাঠ পর্যায়ের সকল বিভাগের জন্য)

ক) সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী আহবায়ক
খ) নির্বাহী প্রকৌশলী কর্তৃক মনোনীত একজন কর্মকর্তা সদস্য-সচিব

কমিটির কার্যপরিধি নিম্নরূপ :


ক) কমিটি প্রতি বছর বাংলাদেশে সংঘটিত সম্ভাব্য বন্যা, আগাম ও আকস্মিক বন্যা, ঘূর্ণিঝড়সহ প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক সংশ্লিষ্ট ক্ষেত্রে আগাম প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে যথাসময়ে মহাপরিচালককে অবহিত করনের নিমিত্ত চীফ মনিটরিং এর নিকট প্রতিবেদন দাখিল করবে।

খ) কমিটি বোর্ডের করণীয় সম্পর্কে প্রস্তাব/সুপারিশ প্রতিবেদনে উল্লেখ করবে এবং সময়ে সময়ে বন্যা/দুর্যোগ পরিস্থিতির উন্নতি/অবনতি সম্পর্কে বোর্ডকে অবহিত করবে।

গ) কমিটি স্থানীয় জেলা প্রশাসন, জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে সম্পৃক্ত করে স্ব-স্ব কর্মএলাকায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বাঁধ, তীর সংরক্ষণ ও অন্যান্য অবকাঠামোসমূহের জরুরী মেরামত কিংবা অবকাঠামোসহ গুরুত্বপূর্ণ স্থাপনা রক্ষার্থে জরুরী কাজ বাস্তবায়নের নিমিত্ত কাজের প্রয়োজনীয়তা, পরিমাণ ইত্যাদি সম্পর্কে প্রাথমিক তথ্য যথাসময়ে বোর্ডে দাখিল করবে।

ঘ) কাজিফত প্রতিবেদন এবং তথ্যাদি আবশ্যিকভাবে আগাম/যথাসময়ে বোর্ডকে অবহিত করতে হবে। অন্যথায় এর সকল দায় দায়িত্ব সংশ্লিষ্ট কমিটির/কর্মকর্তাগণের উপর বর্তাবে।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো এবং এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(আব্দুল খালেক)

সচিব

পাউবো, ঢাকা।

পরিচিতি নং ৬৩০১২০০০১

E-mail: khalequebd@gmail.com

স্মারক নং- ১৫৬-পাউবো/সচি/বোর্ড-২/(উসপ্র)


তারিখ: ৩১ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ
১৪ জুন, ২০১৮ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. অতিঃ মহাপরিচালক, পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা/অর্থ/প্রশাসন, বাপাউবো, ঢাকা।
২. চীফ মনিটরিং, বাপাউবো, ঢাকা।
৩. চীফ প্ল্যানিং, বাপাউবো, ঢাকা।
৪. প্রধান প্রকৌশলী, নকশা, পাউবো, ঢাকা।
৫. প্রধান প্রকৌশলী/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (সকল).....।
৬. প্রকল্প পরিচালক,।
৭. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল),।
৮. পরিচালক, কার্যক্রম/পওর/অর্থ, বাপাউবো, ঢাকা।
৯. সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
১০. নির্বাহী প্রকৌশলী (সকল),।
১১. সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর বাপাউবো, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১২. অফিস কপি/ মাষ্টার কপি।

স্মারক নং ১৩৭১১
প্রোগ্রামার
সহকারী প্রোগ্রামার ১/২
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী
সিস্টেম এনালিস্ট- ১/২
সাইটিং সেল, বাপাউবো ঢাকা

তারিখ: ১৪/৬/১৮
জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নি
নথিতে পেশ করুন
নথিতে রাখুন
তাগিদ পত্র দিন


(সৈয়দ মাহবুবুল হক)
উপ-সচিব (বোর্ড)
পাউবো, ঢাকা।
পরিচিতি নং ৬৭০৪০৩০০২
E-mail: bwdbmahbub@gmail.com